

শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করে ক্যাম্পাস খুলে দেয়াই আমার প্রধান কাজ চাবি ভিসি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত ভিসি প্রফেসর ইউসুফ হায়দার বলেছেন, শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করে ক্যাম্পাস খুলে দেয়াই আমার প্রধান কাজ। তিনি গত বৃহস্পতিবার প্রশাসনিক ভবনে ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির সদস্যদের সাথে মতবিনিময়কালে একথা বলেন। ভারপ্রাপ্ত ভিসি বলেন, ছাত্র-ছাত্রীদের নুহন করে কোন আন্দোলনের প্রয়োজন আছে বলে আমি মনে করি না। অল্প সময়ের মধ্যে ক্যাম্পাস খুলে দেয়া হবে। তাদের অন্যান্য দাবীও, কর্তৃপক্ষের সক্রিয় বিবেচনাধীন রয়েছে। তিনি জানান, ক্যাম্পাস খোলার ব্যাপারে তিনি আগামীকাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি এবং এরপর পর্যায়ক্রমে ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের সাথে আলাপ-আলোচনা করবেন। প্রফেসর ইউসুফ হায়দার বলেন, পরিবেশ পরিষদের সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্ররা উপস্থিত থাকলেই ভালো হয়। কোন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ যদি ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত না হন তাদেরকে তিনি পরিবেশ পরিষদের সভায় না আসার জন্য অনুরোধ জানান।